গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৮- ৭০৬ তারিখঃ ০৩ -১২-২০১৮

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৬-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (অক্টোবর/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৬-১১-২০১৮ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (অক্টোবর/২০১৮ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নভেম্বর, ২০১৮ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২০-১২-২০১৮ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: neenashahnaz@gmail.com) ও হার্ড কপি অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

০৩.১২.২০১৮

(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক, আরইটিসি/বাজার সংযোগ, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৫। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইজ মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৬-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (অক্টোবর/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ৯.৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৬ নভেম্বর, ২০১৮ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের অক্টোবর,২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ-পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১:** ২৮-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৮-১০-২০১৮ তারিখে সেপ্টেম্বর, ২০১৮ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৮-১০-২০১৮ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচি সমূহের কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক এডিপি'র বরাদ্দ অনুযায়ী মোট ৫৫০.০০ লক্ষ (রাজস্ব খাতে ২৮৯.০০ লক্ষ এবং মূলধন খাতে ২৬১.০০লক্ষ) টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১১৮.৩০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। প্রকল্পের ২০১৮-১৯ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তি বাবদ ২৭৫.০০ লক্ষ (৫০%) টাকা ছাড় করা হলে অক্টোবর, ১৮ পর্যন্ত ৬০.২৫ লক্ষ (১০.৯৫%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১ম ও ২য় কিস্তি বাবদ ৫৯.১৫ লক্ষ (৫০%) টাকা ছাড় করা হলে অক্টোবর, ১৮ পর্যন্ত ২.৬০ (২.২০%) লক্ষ টাকা ব্যয় করা হয়। ইতোমধ্যে প্রায় ০৫ (পাঁচ) মাস অতিক্রম হওয়ার পরও অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি এডিপি বাস্তবায়নের হার গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচিসমূহে কিস্তি ভিত্তিক অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা দেন।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের চলমান অফিস-কাম-ট্রেনিং সেন্টার ৩য় তলা পর্যন্ত সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ ও প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের আওতায় যে সকল নির্মাণ কাজ এখন পর্যন্ত শেষ হয়নি তা দ্রুত সময়ের মধ্যে শেষ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। একই সাথে সিলেট অঞ্চলের দায়িত্ব প্রাপ্ত বিভাগীয় উপ-পরিচালক-কে প্রকল্পের নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলাপ আলোচনা ও মনিটরিং ব্যবস্থা জোরদার করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২ : ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচির কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান ও জনবহুল স্থানে (সরকারি কোয়াটার, স্কুল ও কলেজ) বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় পুনরায় নির্দেশ প্রদান করা হয়। ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে রেডি টু কুক এন্ড রেডি টু ফুড কার্যক্রম সম্প্রসারণ করা লক্ষ্যে ঢাকা সেন্ট্রাল মার্কেট এর একটি কক্ষ সাময়িক ভাবে বরাদ্দ পাওয়ার জন্য সেন্টাল মার্কেটের সদস্য-সচিব বরাবর পত্র দিতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । এছাড়া এইরূপ কার্যক্রমকে ই-মার্কেটিং এর সাথে লিংক করে নতুন প্রকল্প/কর্মসূচির প্রস্তাব তৈরী করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন।

২.৩: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে যে সকল জেলা হতে ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপন সংক্রান্ত পত্র পাওয়া যায়নি সে সকল জেলায় পুনরায় যোগাযোগ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । ইলেক্টনিক ডিসপ্লেবোর্ড ও সার্ভারের টেন্ডার কার্যক্রম যথাযথ বিধিবিধান অনুসরণ পূর্বক স্পেসিফিকেশন মোতাবেক গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনাঃ ২০১৮-১৯ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচিসমূহের দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদানের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ ১৫ ডিসেম্বর, ২০১৮ এর মধ্যে সমাপ্ত করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

৪-বিবিধঃ এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে আর্থিক বিষয়াদি সম্পর্কিত নতুন নতুন পরিকল্পনা ভিত্তিক ডিপিপি প্রস্তুত করার নিমিত্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ ডিসেম্বর/২০১৮ এর মধ্যে নীতি ও পরিকল্পনা শাখায় ডিপিপি জমা দিতে বিভাগীয় উপ-পরিচালকদের সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া অধিদপ্তরের বাস্তবায়িত সকল প্রকল্প ও কর্মসূচির মালামাল প্রকল্প/কর্মসূচি পরিচালকের কার্যালয়ে ডেড স্টক রেজিস্টারে অন্তর্ভুক্ত করে পরবর্তিতে বিতরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তাছাড়া প্রকল্প/কর্মসূচি সমাপ্তির পর ডেড স্টক রেজিস্টার ডিএএম প্রধান কার্যালয়ে হস্তান্তর করার বিষয়েও নির্দেশনা প্রদান করেন।

**৪: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নিধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | (ক) প্রকল্পের আওতায় যে সকল নির্মাণ কাজ এখন পর্যন্ত শেষ হয়নি তা দ্রুত সমাপ্ত করতে হবে।<br>(খ) সিলেট অঞ্চলের দায়িত্ব প্রাপ্ত বিভাগীয় উপ-পরিচালক প্রকল্পের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে মনিটরিং ব্যবস্থা জোরদার করবেন। | প্রকল্প পরিচালক<br>আইসিআইএসআরপি<br>(ডিএএম অংগ)<br>ও<br>বিভাগীয় উপ-পরিচালক<br>(দায়িত্বপ্রাপ্ত)<br>সিলেট |
| ৪.২ | (ক) কর্মসূচির কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান ও জনবহুল স্থানে (সরকারি কোয়ার্টার, স্কুল ও কলেজ) বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে রেডি টু কুক এন্ড রেডি টু ফুড কার্যক্রম সম্প্রসারণ করা লক্ষ্যে ঢাকা সেন্ট্রাল মার্কেট এর একটি কক্ষ সাময়িক ভাবে বরাদ্দ পাওয়ার | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি। |

| | | |
|---|---|---|
| | জন্য সেন্টাল মার্কেটের সদস্য-সচিব বরাবর পত্র দিতে হবে।<br>(গ) কর্মসূচির কার্যক্রমকে ই-মার্কেটিং এর সাথে লিংক করে নতুন প্রকল্প/কর্মসূচির প্রস্তাব তৈরী করতে হবে। | |
| ৪.৩ | (ক) ইতোমধ্যে স্থাপিত ডিসপ্লেবোর্ডসমূহ সচল করে বাজার তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ইলেক্ট্রনিক্স ডিসপ্লেবোর্ড ও সার্ভারের টেন্ডার কার্যক্রম যথাযথ বিধিবিধান অনুসরণ পূর্বক স্পেসিফিকেশন মোতাবেক গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি। |
| ৪.৪ | এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে কৃষি মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত প্রকল্প এবং এ সম্পর্কিত আরো নতুন প্রকল্পের ডিপিপি প্রস্তুত করার নিমিত্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ ডিসেম্বর/২০১৮ তারিখের মধ্যে ডিপিপি জমা দিবেন। | উপ-পরিচালক (সকল) |
| ৪.৫ | (ক) ২০১৮-১৯ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচিসমূহের আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ ১৫ ডিসেম্বর, ২০১৮ এর মধ্যে সমাপ্ত করতে হবে। | প্রকল্প ও কর্মসূচি পরিচালক (সকল) |
| ৪.৬ | অধিদপ্তরের বাস্তবায়িত সকল প্রকল্প ও কর্মসূচির মালামাল প্রকল্প/কমৃসূচির সদর দপ্তরের ডেড স্টক রেজিস্টারে অর্ন্তভূক্ত করে পরবর্তিতে বিতরণ করতে হবে এবং প্রকল্প/কর্মসূচি সমাপ্তির পর ডেড স্টক রেজিস্টার ডিএএম প্রধান কার্যালয়ে হস্তান্তর করতে হবে। | প্রকল্প ও কর্মসূচি পরিচালক (সকল) |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর